

## বৈষম্য বিরোধী অধ্যাদেশ সংশোধন

### সংশোধনীটি কি সম্পর্কে?

বৈষম্য আইন (বিবিধ সংশোধনী) (দ্য ডিস্ক্রিমিনেশন লেজিস্লেশন - মিসেলেনাস অ্যামেন্ডমেন্টস) ২০২০ এবং লিঙ্গ বৈষম্য (সংশোধনী) অধ্যাদেশ ২০২১ ("সংশোধনীগুলো") বৈষম্য ও হয়রানি থেকে সুরক্ষা বাড়াতে বিদ্যমান চারটি বৈষম্য বিরোধী অধ্যাদেশকে সংশোধন করে, যথা: লিঙ্গ বৈষম্য অধ্যাদেশ (সেক্স ডিস্ক্রিমিনেশন অর্ডিন্যান্স - এসডিও), প্রতিবন্ধী বৈষম্য অধ্যাদেশ (ডিসেবিলিটি ডিস্ক্রিমিনেশন অর্ডিন্যান্স - ডিডিও), পারিবারিক অবস্থা বৈষম্য অধ্যাদেশ (ফ্যামিলি স্ট্যাটাস ডিস্ক্রিমিনেশন অর্ডিন্যান্স - এফএসডিও) এবং বর্ণ বৈষম্য অধ্যাদেশ (রেস ডিস্ক্রিমিনেশন অর্ডিন্যান্স - আরডিও)।

### অধ্যাদেশগুলি কখন কার্যকর হয়েছিল?

অধ্যাদেশগুলোর সমস্ত বিধান ১৯ শে জুন ২০২০-তে কার্যকর হয়েছিল, স্তন্যদানের বৈষম্য ও হয়রানির বিধান ব্যতীত, যা ১৯ শে জুন ২০২১ সালে কার্যকর হবে,।

### অধ্যাদেশের অধীনে সংশোধনীগুলি কী কী?

সংশোধনীগুলি লিঙ্গ, প্রতিবন্ধী এবং বর্ণ বৈষম্য থেকে রক্ষা করার পাশাপাশি যৌন হয়রানি, স্তন্যদানকারী মহিলাদের হয়রানি, এবং বিভিন্ন ক্ষেত্রে প্রতিবন্ধিতা ও বর্ণের ভিত্তিতে হয়রানি থেকে সুরক্ষা উন্নত করে যেমন নিচে তালিকাভুক্ত করা আছে।



স্তন্যদানকারী মহিলাদের প্রত্যক্ষ ও পরোক্ষ বৈষম্য, হয়রানি, পাশাপাশি কর্মসংস্থানের ক্ষেত্রে নিগ্রহ থেকে রক্ষা করা; পণ্য, সুযোগ সুবিধা এবং সেবা সরবরাহ; শিক্ষা; প্রাঙ্গণ পরিচালনা এবং নিষ্পত্তি; ক্লাবসমূহ; এবং এসডিও (SDO)-টির অধীনে সরকারের কর্তব্যকর্মগুলি।

স্তন্যপান করানোর বৈষম্য এবং হয়রানির বিধানগুলি সেইসব পরিস্থিতি কে অন্তর্ভুক্ত করে যেখানে:

- একজন মহিলা একটি শিশুকে স্তন্যদান করছেন;
- একজন মহিলা বুকের দুধ বের করার কাজে লিপ্ত; এবং
- একজন মহিলা যিনি কোনও শিশুকে তার বুকের দুধ খাওয়ান, তবে বৈষম্য সম্পর্কিত কাজ সংগঠিত হওয়ায় নির্দিষ্ট সময়ে তা করছেন না।



কর্মক্ষেত্রে অংশগ্রহণকারী কর্মী যেখানে কর্মসংস্থারসাথে সম্পর্ক নেই যেমনঃ চালান শ্রমিক, স্বেচ্ছাসেবক এবং শিক্ষানবিশ, সেখানে এসডিও (SDO), ডিডিও( DDO) এবং আরডিও (RDO)-টির অধীনে কোনও সাধারণ কর্মক্ষেত্রে অংশগ্রহণকারীদের লিঙ্গ, স্তন্যদান, প্রতিবন্ধিতা এবং বর্ণগত হয়রানির হাত থেকে রক্ষা করা।

**স্বেচ্ছাসেবী** - একজন ব্যক্তি যিনি নিয়োগকর্তা বা কর্মচারীর সক্ষমতা ব্যতীত স্বেচ্ছাসেবীর কাজ করেন।

**শিক্ষানবিশ** - একজন ব্যক্তি যিনি ইন্টার্নশিপের জন্য অন্য ব্যক্তির দ্বারা নিযুক্ত হন তবে সেই ব্যক্তির কর্মচারী নন।

একটি "ইন্টার্নশিপ"-এর সংজ্ঞা হল, কাজের একটি সময় যা একটি পেশাদারী বা পড়াশোনার যোগ্যতা অর্জনের জন্য প্রয়োজনীয় এবং যার মধ্যে একটি ব্যারিস্টারের চেম্বারে শিক্ষানবিশ হিসাবে কাজ করা অন্তর্ভুক্ত; বা কাজের যে কোনও সময়কাল যা সাধারণত ইন্টার্নশিপ হিসাবে বর্ণনা করা হয়।



ডিডিও( DDO) এবং আরডিও (RDO)-টির অধীনে যেখানে হংকং-এ নিবন্ধিত বিমান এবং জাহাজে এমনকি বিদেশে থাকাকালীন এই জাতীয় ক্রিয়াকলাপগুলি ঘটে তা সহ গ্রাহকদের দ্বারা প্রতিবন্ধিতা এবং বর্ণগত হয়রানির হাত থেকে সেবা সরবরাহকারীদের রক্ষা করা। **দ্রষ্টব্যঃ** এটি সরবরাহ করা মূল সুরক্ষাটির সাথে যুক্ত করা আরও একটি সুরক্ষা। এসডিও (SDO), ডিডিও( DDO) এবং আরডিও (RDO)-টির অধীনে পণ্য, সুবিধা এবং সেবা সরবরাহকারীর দ্বারা গ্রাহকদের যৌন, প্রতিবন্ধিতা এবং বর্ণগত হয়রানির হাত থেকে সর্বদা সুরক্ষা ছিল। এমনকি হংকং-এ নিবন্ধিত বিমান এবং জাহাজে বিদেশে এই ঘটনাগুলি ঘটে থাকলেও, গ্রাহকদের দ্বারা যৌন হয়রানির হাত থেকে পণ্য, সুযোগসুবিধাগুলি এবং সেবা সরবরাহকারীদের সুরক্ষার জন্য ২০১৪ সালে এসডিও (SDO)-টি আরও সংশোধন করা হয়েছিল।)



**আরডিও (RDO)-র** অধীনে অভিযোগ দায়ের করা প্রত্যক্ষ ও পরোক্ষ বর্ণ বৈষম্য এবং বর্ণগত হয়রানির হাত থেকে জনগণকে রক্ষা করা, অর্থাৎ, কোনও ব্যক্তি নির্দিষ্ট জাতি বা কোনও নির্দিষ্ট জাতিগোষ্ঠীর সদস্য হওয়ায় অভিযুক্ত।



**আরডিও (RDO)-টির** অধীনে কোনও ব্যক্তিকে প্রত্যক্ষ বর্ণ বৈষম্য বা বর্ণগত হয়রানির হাত থেকে রক্ষা করা, যেখানে কোনও সহযোগীর বর্ণের ভিত্তিতে তাদের সাথে কম অনুকূল আচরণ করা বা বর্ণগতভাবে হয়রানি করা হয়।

সহযোগী - একজন ব্যক্তির স্বামী / স্ত্রীকে অন্তর্ভুক্ত করে; অন্য ব্যক্তি যিনি প্রকৃত ঘরোয়া কারণে ব্যক্তিটির সাথে বসবাস করছেন; ব্যক্তিটির আত্মীয়; ব্যক্তিটির পরিচর্যাকারী; বা অন্য কোনও ব্যক্তি যিনি কোনও ব্যবসায়, ক্রীড়ায় বা ব্যক্তির সাথে বিনোদনমূলক সম্পর্কে যুক্ত।

পরিচর্যাকারী - সামাজিক কল্যানের পরিচালক (ডাইরেক্টর অব সোশ্যাল ওয়েলফেয়ার), সামাজিক কল্যান বিভাগ) গসোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট)-এর কোনও অনুমোদিত কর্মকর্তা; এবং আরডিও (RDO)-টির তফসিল ৬ এ নির্দিষ্ট করা কোনও ব্যক্তিএর অন্তর্ভুক্ত।



**এসডিও (SDO) এবং ডিডিও( DDO)-**টির অধীনে ক্লাবগুলির বা ক্লাবগুলির ব্যবস্থাপনা দ্বারা যৌন, স্তন্যদান এবং প্রতিবন্ধিতা সম্পর্কিত হয়রানির হাত থেকে ক্লাবের সদস্য এবং সম্ভাব্য সদস্যদের রক্ষা করা।



**এসডিও (SDO), এফএসডিওFSDO এবং (RDO)-**টির অধীনে **পরোক্ষ** বৈষম্যমূলক আচরণের জন্য আদালতের কার্যক্রমের ক্ষতিপূরণ দেওয়ার পূর্ব শর্ত হিসাবে বৈষম্যমূলক অভিপ্রায়ের প্রয়োজনীয়তা বাতিল করা।

---

অধ্যাদেশের অধীনে সংশোধনীগুলি সম্পর্কে আমি আরও কীভাবে জানতে পারি?

অধ্যাদেশের সম্পূর্ণ বিষয়বস্তু এখানে পাওয়া যাবে:

<https://www.gld.gov.hk/egazette/pdf/20202425/es1202024258.pdf>

<https://www.elegislation.gov.hk/hk/2021/3!en>

সমান সুযোগ কমিশন (ইকুয়াল অপার্টুনিটিজ কমিশন- EOC) সংশোধনীগুলির একটি ধারাবাহিক নির্দেশিকাও তৈরি করেছে, যা ইওসি (EOC) ওয়েবসাইটে পাওয়া যায় [www.eoc.org.hk](http://www.eoc.org.hk)।

---

**আমি কীভাবে ইওসি (EOC)-তে অভিযোগ দায়ের করতে পারি?**

কেউ যদি মনে করেন যে **চারটি বৈষম্য বিরোধী অধ্যাদেশের বর্ণনা অনুযায়ী** তার বিরুদ্ধে বৈষম্য করা হয়েছে, হয়রানি করা হয়েছে বা কুৎসা রটানো হয়েছে তারা **ইওসি (EOC)-র কাছে লিখিতভাবে** অভিযোগ দায়ের করতে পারেন এবং নীচের একটি চ্যানেলের মাধ্যমে অভিযোগটি ইওসি (EOC)-র কাছে জমা দিতে পারেন:



ডাকে চিঠি



ইওসি (EOC) ওয়েবসাইটে অনলাইন ফর্ম



ইওসি (EOC) অফিসে ব্যক্তিগতভাবে



ফ্যাক্স



টেলিফোন (শুধুমাত্র অনুসন্ধানের জন্য)



এসএমএস (SMS) সেবা (মুক/বধিরদের অনুসন্ধানের জন্য))

বৈষম্য-বিরোধী অধ্যাদেশ সম্পর্কিত তদন্ত: [অন-লাইন তদন্ত ফর্ম](#)

বৈষম্য-বিরোধী অধ্যাদেশ সম্পর্কিত অভিযোগ: [অন-লাইন অভিযোগ ফর্ম](#)

ইওসি (EOC) এর সেবাসমূহ সম্পর্কিত তদন্ত এবং অভিযোগ: [অন-লাইন ফর্ম](#)

## ইওসি (EOC) এর সাথে যোগাযোগ করুন

ফোনঃ (852) 2511 8211 (শুধুমাত্র সাধারণ অনুসন্ধানের জন্য)

ফ্যাক্সঃ (852) 2511 8142

ঠিকানাঃ 16/F, 41 Heung Yip Road, Wong Chuk Hang, Hong Kong.

ইমেইলঃ eoc@eoc.org.hk (শুধুমাত্র সাধারণ অনুসন্ধানের জন্য)

এসএমএস (SMS) সেবা: 6972566616538 (মুক/বধিরদের অনুসন্ধানের জন্য)

(বৈষম্য-বিরোধী অধ্যাদেশের অধীনে বৈষম্য সম্পর্কিত অনুসন্ধান এবং অভিযোগের জন্য, অনুগ্রহ করে উপরের অনলাইন ফর্মগুলি ব্যবহার করুন)

## সমান সুযোগ (ইকুয়াল অপারচুনিটিস) কমিশন

এপ্রিল ২০২১

দ্রষ্টব্যঃ এই পুস্তিকাটি শুধুমাত্র রেফারেন্সের জন্য এবং এটিকে আইনী পরামর্শের বিকল্প হিসাবে বিবেচনা করা উচিত নয়।